

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা
Website: www.lgd.gov.bd

নং-৪৬. ০২০. ০০৪. ০০. ০১. ৪৩৪. ২০১৫-১২২

তারিখঃ ৬/৪/১৫

বিষয়ঃ রীট পিটিশন নং-১১৩১৪/২০১৫ মামলায় প্রদত্ত স্থগিতাদেশের বিরুদ্ধে সরকার পক্ষে লিভ-টু-আপীল দায়ের সংক্রান্ত।

- সূত্রঃ (১) এ বিভাগের ইউপি-১ শাখার গত ২৪-০৩-২০১৬খ্রিঃ তারিখের ৩৪৫ সংখ্যক আ্রক।
(২) জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ এর গত ২১-০৩-২০১৬খ্রিঃ তারিখের ৯৯(সং) সংখ্যক আ্রক।

নারায়ণগঞ্জ জেলার সদর উপজেলাধীন কুতুবপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ মনিরুল আলম সেন্টুকে সাময়িকভাবে বরখাস্ত করা হলে উক্ত বরখাস্ত আদেশকে চ্যালেঞ্জ করে তিনি বাদী হয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে ১০০৪৩/২০১৫নং রীট পিটিশন দায়ের করেন। মাননীয় আদালত গত ১৭-০৯-২০১৫খ্রিঃ তারিখে উক্ত আদেশের উপর ০৬(ছয়) মাসের স্থগিতাদেশ প্রদান করেন। উক্ত স্থগিতাদেশের মেয়াদ গত ১৬-১০-২০১৬খ্রিঃ তারিখে আরও এক বছর বৃদ্ধি করা হয়। উক্ত আদেশের বিরুদ্ধে আপীল দায়ের করা হয়েছে কি না তা জানানোর জন্য ২নং বিবেচ্যপত্রে আইন শাখাকে অনুরোধ করা হয়েছে। এছাড়া মামলায় সরকার পক্ষে দফাওয়ারী জবাব পরবর্তী কার্যার্থে সূত্রোক্ত ২নং আ্রকে এ বিভাগে প্রেরণ করা হয়েছে। আরও উল্লেখ্য, বর্ণিত রীট পিটিশনে প্রদত্ত স্থগিতাদেশের বিরুদ্ধে সরকার পক্ষে আপীল দায়েরের জন্য আইন-১ শাখা হতে বিজ্ঞ সলিসিটরকে অনুরোধ জানিয়ে গত ১৪-১০-২০১৫খ্রিঃ তারিখে পত্র লেখা হয়। এ বিষয়ে গৃহীত ব্যবস্থা সম্পর্কে অদ্যাবধি কিছু জানা যায়নি।

০২। এমতাবস্থায়, বর্ণিত রীট পিটিশনে মহামান্য হাইকোর্ট বিভাগ প্রদত্ত স্থগিতাদেশের বিরুদ্ধে সরকার পক্ষে আপীল দায়েরসহ স্থগিতাদেশ ভ্যাঞ্চেট করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য স্থগিতাদেশের সার্টিফাইড কপি ও আনুসঙ্গিক কাগজপত্রাদি প্রেরণপূর্বক নিয়োগকৃত প্যানেল আইনজীবী হিসেবে নির্দেশক্রমে তাঁকে দায়িত্ব প্রদান করা হলো। মামলার আনুষঙ্গিক কাগজপত্রাদি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে ----- ফর্দ।

সৈয়দ মোঃ নূরুল বাসির
সিনিয়র সহকারী সচিব
৯৫৪০৯৯৫

জনাব এসকে. শফিক মাহমুদ পুষ্প
বেসরকারি প্যানেল আইনজীবী
স্থানীয় সরকার বিভাগ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। বিজ্ঞ এটর্নী জেনারেল অব বাংলাদেশ, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা;
০২। বিজ্ঞ সলিসিটর, সলিসিটর-অনুবিভাগ, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা;
০৩। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
০৪। সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ;
০৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, ৮৩/বি, মৌচাক টাওয়ার, মালিবাগ, ঢাকা;
০৬। সিনিয়র সহকারী সচিব (ইপ-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ;
০৭। হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ;
০৮। সহকারী কম্পিউটার প্রোগ্রামার (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।